

পেট্রোল পাম্প কার্ডে লেনদেনে গ্রাহকদের অতিরিক্ত লেভি দিতে হবে না: কেন্দ্রীয় পেট্রোলিয়াম মন্ত্রী

নয়াদিল্লি, ১০ জানুয়ারি, ২০১৭

পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী শ্রী ধর্মেন্দ্র প্রধান জানিয়েছেন, সাধারণ গ্রাহক বা পেট্রোলপাম্প মালিক, কাউকেই ডিজিট্যাল লেনদেনের সময় অতিরিক্ত চার্জ দিতে হবে না। সোমবার তিনি জানান, সরকার ২০১৬-র ফেব্রুয়ারিতেই এব্যাপারে নির্দেশিকা জারি করেছিল। তাতেই বলা হয়েছিল, মার্চেন্ট ডিসকাউন্ট রেটের চার্জ গ্রাহকদের ওপর চাপানো হবে না। একই সঙ্গে এটাও বলা হয়েছিল, স্বার্থ সংশ্লিষ্ট অংশীদাররা মার্চেন্ট ডিসকাউন্ট রেটের বিষয়টি নিরসনে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করবেন। তিনি আরও জানান, পেট্রোল পাম্প ডিজিট্যাল লেনদেনের ক্ষেত্রে প্রদেয় লেভির বিষয়ে পাম্প মালিকদের সংগঠনের পক্ষ থেকে প্রশ্ন তোলা হলে সরকার বিষয়টিতে হস্তক্ষেপ করেছে। শ্রী প্রধান এ-ও জানান যে ১৩ই জানুয়ারি, ২০১৭-র পরেও কিন্তু পেট্রোল পাম্প ডিজিট্যাল লেনদেনে গ্রাহকদের কোনরকম অতিরিক্ত লেভি দিতে হবে না। পেট্রোল পাম্প লেনদেনের বিষয়টি মূলত: ব্যাঙ্ক ও জ্বালানি তেল কেনাবেচার কোম্পানিগুলির মধ্যে নেহাতই একটা ব্যবসায়িক মডেল বলেও তিনি উল্লেখ করেন।